

## ঘূর্ণিঝড় আইলায় ক্ষতিগ্রস্ত এলাকায় প্রগতিশীল চিকিৎসক ফোরামের ত্রাণ তৎপরতা

ঘূর্ণিঝড় 'আইলা'য় ক্ষতিগ্রস্ত জেলাসমূহে সঞ্জাহব্যাপী বিনামূল্যে চিকিৎসা সেবা ও ঔষধ বিতরণ করেছে প্রগতিশীল চিকিৎসক ফোরাম (পিডিএফ)। ত্রাণ তৎপরতার অভিজ্ঞতা এবং দুর্গত এলাকার পরিস্থিতি তুলে ধরার লক্ষ্যে ৮ জুন সকাল ১১টায় সংগঠনের উদ্যোগে ঢাকা রিপোর্টার্স ইউনিটি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের আহ্বায়ক ডা. মুজিবুল হক আরজু। বিভিন্ন প্রশ্নের উত্তর দেন ডা. গোলাম রাব্বানী, ডা. মাজহারুল ইসলাম শামীম, ডা. জয়ন্ত মালাকার, ডা. আসিফ খান, ডা. সমর পণ্ডিত প্রমুখ।



সংবাদ সম্মেলনের লিখিত বক্তব্যে বলা হয়, ২৬ মে ঘূর্ণিঝড় 'আইলা'র আঘাতে খুলনা, বাগেরহাট, সাতক্ষীরাসহ দেশের উপকূলীয় অঞ্চল, বিশেষ করে দক্ষিণ-পশ্চিমাঞ্চল ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে। দেশের এই দুর্যোগ মুহূর্তে প্রগতিশীল চিকিৎসক ফোরাম সাতক্ষীরা ও খুলনা জেলা বাসদ এবং সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সহায়তায় অতীতের ন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের চিকিৎসার্থে পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট, ফিটকিরি, হ্যালোট্যাব, ক্লোটেক, খাবার স্যালাইন, জরুরি ঔষধসহ মেডিকেল টিম নিয়ে দুর্গত এলাকায় যায়। ২ জুন থেকে ৫ জুন পর্যন্ত ৪টি টিমে বিভক্ত হয়ে সাতক্ষীরা জেলার

শ্যামনগর ও আশাশুনি উপজেলায় এবং খুলনা জেলার দাকোপ উপজেলার বিভিন্ন আশ্রয়কেন্দ্রে ৩ হাজার ২শ' ৮৬ জন রোগীকে বিনামূল্যে চিকিৎসা সেবা ও ঔষধ বিতরণ করা হয়।

ত্রাণ কার্যক্রমে অংশ নেন প্রগতিশীল চিকিৎসক ফোরামের আহ্বায়ক ডা. মুজিবুল হক আরজু, ডা. পলাশ সরকার, ডা. রত্না বৈষ্ণব তনু, ডা. মাজহারুল ইসলাম শামীম, ডা. জয়ন্ত মালাকার, ডা. আসিফ খান, ডা. সমর পণ্ডিত, বাসদ সাতক্ষীরা জেলার সমন্বয়ক নিত্যানন্দ সরকার, প্রকাশ চন্দ্র মন্ডল, মানবেন্দ্র নাথ, এড. খগেন্দ্রনাথ সরকার, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক জনার্দন দত্ত নান্টু, খুলনা জেলা বাসদ নেতা প্রলয় মজুমদার, ছাত্র ফ্রন্ট ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক বিপ্লব মন্ডল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নেতা সাজুসহ স্থানীয় বাসদ ও ছাত্র ফ্রন্ট নেতৃবৃন্দ।

নেতৃবৃন্দ বলেন, দুর্গত এলাকায় মানুষের প্রধান সমস্যা বিশুদ্ধ খাবার পানি। বাঁধের পাশে মানুষ দলবদ্ধ হয়ে কলসি নিয়ে দাঁড়িয়ে থাকেন ত্রাণ টিমের আশায়। টিআর (টেস্ট রিলিফ)-এর জনপ্রতি ১ কেজি চাল ছাড়া কোনো প্রকার সরকারি ত্রাণ এসব এলাকায় এখনও পৌঁছায় নি। পেটের পীড়া, চর্ম রোগ, আঘাতজনিত ক্ষত নিয়ে এই সকল মানুষ তাকিয়ে আছেন সরকারি ত্রাণ ও চিকিৎসা সহায়তার দিকে। তারা আশ্রয়হীন, খাদ্যহীন, খাবার পানির অভাবে রোগ-ব্যধিতে আক্রান্ত, সর্বোপরি স্থায়ী কাজের সংস্থান না থাকায় এক ভয়াবহ অনিশ্চয়তার মধ্যে উপকূলের জনগোষ্ঠী দিনাতিপাত করছেন।



নেতৃবৃন্দ অবিলম্বে দুর্গত এলাকার নিকটবর্তী এলাকায় নলকূপ প্রতিষ্ঠা, পর্যাপ্ত পরিমাণ অস্থায়ী মেডিকেল ক্যাম্প প্রতিষ্ঠা করে চিকিৎসা ও প্রয়োজনীয় ঔষধ সরবরাহের ব্যবস্থা, আশ্রয়হীন মানুষদের জন্য বাড়ি-ঘর নির্মাণের উদ্যোগ নেওয়া এবং ভেঙে যাওয়া বাঁধ নির্মাণ করে জোয়ারের নোনা পানির হাত থেকে এলাকাবাসীকে রক্ষার ব্যবস্থা করার জন্য সরকারের নিকট দাবি জানান।

### চিকিৎসক ফোরামের সম্মেলন প্রস্তুতি কমিটি গঠিত

গত ২২ মে সকাল ১০টায় ঢাকার পুরানা পল্টনস্থ মনি সিংহ-ফরহাদ স্মৃতি ট্রাস্ট ভবনের শহীদ মুনির আজাদ সেমিনার কক্ষে প্রগতিশীল চিকিৎসক ফোরাম (পিডিএফ) এর আয়োজনে 'বাংলাদেশের স্বাস্থ্য ব্যবস্থায় চলমান সংকট এবং চিকিৎসক সমাজের করণীয়' শীর্ষক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাসদ আহ্বায়ক কমরেড খালেকুজ্জামান। ডা. মুজিবুল হক আরজুর সভাপতিত্বে দিনব্যাপী অনুষ্ঠিত মতবিনিময় সভায় বক্তব্য রাখেন বজলুর রশীদ ফিরোজ, ডা. এম. জি. রব্বানী, ডা. মোজাফ্ফর হোসেন, ডা. এম এম মফিজুর রহমান, ডা. সুশান্ত বড়ুয়া, ডা. সারোয়ার জাহান ফাইজ, অস্ট্রেলিয়া প্রবাসী ডা. এস এ খান, ডা. দেবশীষ মন্ডল অংকুর, ডা. রজত শংকর রায়, ডা. বাপ্পী লুসাই, ডা. মুহাম্মদ তাইফুর রহমান নোমান, ডা. রাশিদুল হাসান রাসেল, ডা. নাসির উদ্দিন আহম্মেদ, ডা. সমর পণ্ডিত, ডা. পলাশ সরকার, ডা. নাহিদা আফরনি, ডা. শুভ রক্ষিত, ডা. আসিফ খান, ডা. জয়ন্ত মালাকার প্রমুখ। মতবিনিময় সভা পরিচালনা করেন ডা. মাজহারুল ইসলাম শামীম। সভায় ডা. মুজিবুল হক

আরজুকে আহ্বায়ক ও ডা. জয়ন্ত মালাকার, ডা. মাজহারুল ইসলাম শামীম এবং ডা. সুশান্ত বড়ুয়াকে যুগ্ম আহ্বায়ক করে ২৪ সদস্যবিশিষ্ট প্রগতিশীল চিকিৎসক ফোরাম সম্মেলন প্রস্তুতি কমিটি ও ২৬ সদস্য বিশিষ্ট ৭টি উপপরিষদ গঠন করা হয়।